

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৬১২(আগরতলা, ৯।১৯)
উদয়পুর, ০৯ জানুয়ারি, ২০১৯

গোমতী জেলার উন্নয়নমূলক কর্মসূচির পর্যালোচনা সভা অনুষ্ঠিত

গোমতী জেলার সামগ্রিক উন্নয়নমূলক কাজকর্মের অগ্রগতির পর্যালোচনার জন্য গতকাল গোমতী জেলাশাসকের কার্যালয়ের কনফারেন্স হলে পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। পর্যালোচনা সভায় কৃষি, পরিবহণ ও পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গোমতী জেলার মানুষের আর্থ সামাজিক মানোন্নয়নে গুরুত্ব আরোপ করেছেন। সভায় তিনি রেগা সহ জেলার বিভিন্ন দপ্তরের যে সব প্রকল্প হাতে নেওয়া হয়েছে সেগুলির কাজ নির্দিষ্ট সময়ে সম্পন্ন করতে সংশ্লিষ্টদের পরামর্শ দেন। বিভিন্ন দপ্তরের আধিকারিকদের সমন্বয়ের মাধ্যমে সঠিক পরিকল্পনা নিয়ে প্রকল্পগুলির কাজ সম্পন্ন করতে মন্ত্রী নির্দেশ দেন। যে সব জায়গায় এল আই স্কীম রয়েছে সেগুলি যাতে সচল থাকে তারজন্য সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের তদারকি করার পরামর্শ দেন। পর্যালোচনা সভায় এম জি এন রেগা প্রকল্প সহ পানীয়জল, কৃষি, উদ্যান, জলসেচ, স্বাস্থ্য, পূর্ত, এন বি সি সি, মৎস্য, বন, বিদ্যুৎ, সেরিকালচার ইত্যাদি দপ্তরের কর্মসূচি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভায় গোমতী জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, এখন পর্যন্ত গোমতী জেলায় এম জি এন রেগা প্রকল্পে বিভিন্ন উন্নয়নমূলক কাজে ২৮ লক্ষ ৩৬ হাজার ৫৮৯টি শ্রমদিবসের কাজ হয়েছে। গড়ে কাজ হয়েছে ৩৬.৩৩টি শ্রমদিবস। এতে মোট ব্যয় হয়েছে ৬০ কোটি ৫৭ লক্ষ ২১ হাজার টাকা। প্রধানমন্ত্রী আবাস যোজনায় ২০১৬-১৭ আর্থিক বছরে গৃহ নির্মাণের লক্ষ্যমাত্রা ছিল ৩ হাজার ৮৫টি। এখন পর্যন্ত ১ হাজার ৮৫৬টি গৃহ নির্মাণ করা হয়েছে। বাকী ১ হাজার ২২৯টি গৃহ নির্মাণের কাজ চলছে। এছাড়া, ২০১৭-১৮ অর্থ বছরে প্রধানমন্ত্রী আবাস যোজনায় গৃহ নির্মাণ করার লক্ষ্যমাত্রা ছিল ১৫৮টি গৃহ। এখন পর্যন্ত ৫৫টি গৃহ নির্মাণ করা হয়েছে। বাকী ১০৩টি গৃহ নির্মাণের কাজ চলছে। উল্লেখ্য, প্রতিটি গৃহ নির্মাণে ব্যয় হচ্ছে ১ লক্ষ ৩০ হাজার টাকা। পর্যালোচনা সভায় বিধায়ক রঞ্জিত দাস, জেলাশাসক টি কে দেবনাথ, অতিরিক্ত জেলাশাসক প্রাণেশলাল চাকমা, জেলা ও মহকুমাস্তরের আধিকারিকগণ, বিভিন্ন ব্লকের বি ডি ও গণ উপস্থিত ছিলেন।
